

৪২

তারাকান্দা বঙ্গবন্ধু ডিগ্রি কলেজের এমপিও স্থগিত ৫৩ শিক্ষক কর্মচারীর চাকরি অনিশ্চিত

প্রতিনিধি, ফুলপুর (মহম্মদসিহ)

প্রশাসনিক অটলতা, অনিয়ম, দুর্নীতি, স্বজনপ্রীতি, শিক্ষক ৫০ কমিটির সদস্যদের মধ্যে স্বশ্ব-কলচে বঙ্গবন্ধুর নামে প্রতিষ্ঠিত ফুলপুর উপজেলার তারাকান্দা বঙ্গবন্ধু ডিগ্রি কলেজটি আজ ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছেছে।

অনিয়ম ও দুর্নীতির অভিযোগে কলেজের অধ্যক্ষের বেতন বন্ধ করে এমপিও স্থগিত করা হয়েছে। শিফা অধিদপ্তরের অতিরিক্ত ৩৮ জন শিক্ষক ১৫ জন কর্মচারীর বেতন বন্ধের সুপারিশ করে তাদের ১ কোটি ৮০ লাখ টাকা ক্ষেত্রত দেয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

জানা যায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিপত্র মোতাবেক কোন কলেজকে ডিগ্রি কলেজে উন্নীত করতে চলে প্রতি বিষয়ে মোট ৪ জন শিক্ষক থাকতে হবে। সে মতে নিয়োগ করে এমপিওভুক্তির জন্য শিফা অধিদপ্তরে পাঠায়। শিফা অধিদপ্তরে প্রতি বিষয়ে ৩ জনের বেশি শিক্ষক নিয়োগ দেওয়া যাবে না বলে নির্দেশ থাকলেও ৪ জনকেই এমপিওভুক্তি করে বেতন দেয়া হয়। সাম্প্রতিক সময়ে শিফা মন্ত্রণালয়ের পরিদপ্তর ও নিরীক্ষণ অধিদপ্তরের দু'জন কর্মকর্তা কলেজ পরিদর্শনে এসে ৩৮ জন শিক্ষক ও ১৫ জন কর্মচারী অতিরিক্ত উল্লেখ করে চলতি বছরের ফেব্রুয়ারি মাস পর্যন্ত তাদের তোলা টাকা সরকারি কোষাগারে

ফেরতযোগ্য বলে প্রতিবেদন দেয়। এ নিয়ে ফুলপুরে বেশ কিছুদিন ধরে ভোলপাড় চলেছে। এ প্রতিবেদন খতিয়েলার দাবিতে দু'জন শিক্ষক মহম্মদসিহ দিনিয়ার ব্রজ আদালতে মামলা করেছেন। অপরদিকে দাবেক এমপি শামসুল হক ও দাবেক এমপি শাহ শহীদ সায়েমার কলেজের সভাপতি থাকার অবস্থায় নিয়োগকৃত এনব শিক্ষকের নিয়োগ প্রক্রিয়া নিয়ে নতুন করে বিতর্ক দেখা দিয়েছে। নিয়োগকৃত শিক্ষকদের অধিকাংশ স্বজনপ্রীতি ও উৎসাহের বিনিময়ে নিয়োগ পেয়েছেন বলে অভিযোগ আছে। কলেজের অধ্যক্ষ নাছির উদ্দিন খানের সঙ্গে কমিটির একাধিক সদস্যের মতবিরোধ থাকায় প্রকাশ হয়ে পড়ছে দুর্নীতি স্বজনপ্রীতির নতুন নতুন চিত্র। কলেজের অধ্যক্ষ নাছির উদ্দিন খান জানান, জাতীয় বিশ্ববিদ্যালয় ও শিফা অধিদপ্তরের নির্দেশে গরমিল থাকায় এ অটলতা সৃষ্টি হয়েছে। অন্যায়ভাবে তার এমপিও স্থগিত করে বেতন বন্ধ রাখা হয়েছে বলেও তিনি মন্তব্য করেন। অপরদিকে ভুক্তভোগী শিক্ষক-কর্মচারীরা সার্বিক অবস্থার জন্য কলেজ অধ্যক্ষকে দায়ী করে তাকে অপসারণের দাবি করেছেন। বর্তমানে কলেজে বিশৃঙ্খলা পরিস্থিতি সৃষ্টি হয়েছে। বিয়্য কয়েক সেখাপড়ার পরিবেশ। এ অবস্থা অব্যাহত থাকলে কলেজটি যে কোন সময় বন্ধ হয়ে যেতে পারে বলে সচেতন মহল আপত্তা প্রকাশ করেছে।